# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
www.pkb.gov.bd

ঋণ ও অগ্রিম বিভাগ

নং ৫৩.১৬.২৬৬৬.৯১১.২২.০০১.২৫-৫৬০ তারিখঃ ১৭.০৬.২০২৫ খ্রিঃ

বিষয়ঃ অভিবাসন ঋণ প্রদানের ক্ষেত্রে নির্ধারিত ফি ও চার্জ সংক্রান্ত ব্যানার প্রস্তুতপূর্বক সকল শাখায় প্রদর্শনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সম্প্রতিক সময়ে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রবাসী কল্যাণ ব্যাংক'কে কেন্দ্র করে কিছু নেতিবাচক ভিডিও ও মন্তব্যের প্রতি ব্যাংকের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টিগোচর হয়েছে। ব্যাংকের সুনাম ও গ্রহণযোগ্যতা অক্ষুণ্ন রাখা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য এবং গ্রাহকসেবার মানোন্নয়নের লক্ষ্যে চেয়ারম্যান মহোদয় অভিবাসন ঋণ গ্রহীতাদের নিকট হতে নির্ধারিত ফি ও চার্জ সংক্রান্ত তথ্য ব্যানার আকারে শাখাসমূহের দৃশ্যমান স্থানে প্রদর্শনের সদয় নির্দেশনা প্রদান করেছেন।

প্রবাসী কল্যাণ ব্যাংকে অভিবাসন ঋণ গ্রহীতাদের নিকট হতে অভিবাসন ঋণ প্রদানের সময় নিম্নলিখিত হারে নির্ধারিত ফি ও চার্জসমূহ গ্রহণ করা হয়ে থাকেঃ

(টাকার অংকে)

| ঋণের পরিমাণ | ডকুমেন্টেশন ফি | প্রসেসিং ফি | ভ্যাট | ঋণ ঝুঁকি আচ্ছাদন চাঁদা* | স্ট্যাম্প চার্জ | ব্যাংক হিসাব খোলা** | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১,০০,০০০/- | ৫০০/- | ৫০০/- | ১৫০/- | ৯০০/- | ৪৬০/- | ৫০০/- | ৩,০১০/- |
| ২,০০,০০০/- | ১,০০০/- | ১,০০০/- | ৩০০/- | ১,৮০০/- | ৪৬০/- | ৫০০/- | ৫,০৬০/- |
| ৩,০০,০০০/- | ১,৫০০/- | ১,৫০০/- | ৪৫০/- | ২,৭০০/- | ৪৬০/- | ৫০০/- | ৭,১১০/- |

* ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীম ঋণের ইন্সুরেন্স কাভারেজ হিসেবে বিবেচিত হবে। ঋণের মেয়াদকালে ঋণ গ্রাহকের মৃত্যু হলে ঋণ স্থিতির ১০০% এবং ঋণ গ্রহণের ৬ (ছয়) মাসের মধ্যে দেশে ফেরত আসলে ঋণ স্থিতির ৫০% দায় এই স্কিমের তহবিল হতে সমন্বয় হবে।

** এটি কোন ব্যয় নয়। এটি গ্রাহকের সঞ্চয়ী হিসাবে জমা থাকবে।

২.০ অভিবাসন ঋণ বিতরণের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং গ্রাহকসেবার মান বজায় রাখার লক্ষ্যে, সকল আঞ্চলিক কার্যালয় এবং শাখাসমূহকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

ক) অত্র বিভাগ থেকে প্রেরিত অভিবাসন ঋণের ফি ও চার্জ সংক্রান্ত ব্যানারের নির্ধারিত ডিজাইন (ই-মেইলে সংযুক্ত Ai ফাইল) অনুযায়ী ব্যানারটি প্রস্তুত করতে হবে।

খ) ব্যানারের সাইজ হবে ৩ ফুট × ২ ফুট। সকল শাখায় সহজে দৃষ্টিগোচর হয় এরূপ স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে, যেন আগত গ্রাহকগণ সহজে বিষয়টি অবগত হতে পারেন।

গ) PVC বোর্ডে ব্যানারটি স্টিকার আকারে লাগাতে হবে এবং চারটি স্ক্রু ব্যবহার করে দেয়ালের সাথে মজবুতভাবে সংযুক্ত করতে হবে। বিকল্পভাবে, কোন গ্লাসে স্টিকার ব্যানার লাগানো যেতে পারে।

ঘ) শাখাসমূহকে উক্ত ব্যয় "ব্যবসা উন্নয়ন খরচ: ৯০২০০০০০১৭৫" খাত থেকে যথাযথ সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক (ভ্যাট ১৫% ও উৎসে কর ৫% প্রযোজ্য) এবং সর্বোচ্চ =১,০০০/- টাকা (ভ্যাট ও উৎসে কর সহ) ব্যয়ে নির্বাহ করতে হবে। উল্লেখ্য, এই ব্যয়ের জন্য প্রধান কার্যালয়ে আলাদাভাবে অনুমোদন চেয়ে কোনো পত্র প্রেরণের প্রয়োজন নেই।

৩.০ এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী (০২ পাতা)।

১৭ জুন ২০২৫
(গাজী রাহাত মাহমুদ)
উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
ঋণ ও অগ্রিম বিভাগ

অঞ্চল প্রধান/শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০

www.pkb.gov.bd


---

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

১. বিভাগীয় প্রধান, প্রিন্সিপাল ও সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

২. বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ
(অত্র ব্যাংকের ওয়েবসাইটে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

৩. পর্ষদ সচিব, পর্ষদ সচিবালয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৫. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৬. মহাব্যবস্থাপক পরিচালক মহোদয়ের একান্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৭. অফিস কপি।